বিশ্বের শীর্ষ নারী শাসকদের তালিকায় শেখ হাসিনা

বিশ্বের নারী সরকার প্রধান হিসেবে দীর্ঘদিন দেশ পরিচালনায় ভারতের ইন্দিরা গান্ধী, ব্রিটেনের মার্গারেট থ্যাচার ও শ্রীলঙ্কার চন্দ্রিকা কুমারাতুঙ্গার মতো জনপ্রিয় নেতাদের রেকর্ড ভেঙেছেন বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

সোমবার আন্তর্জাতিক সংস্থা উইকিলিকসের সাম্প্রতিক এক জরিপের ভিত্তিতে এ তথ্য জানিয়েছে ভারতীয় বার্তাসংস্থা ইউনাইটেড নিউজ অব ইন্ডিয়া।

ইন্দিরা গান্ধী ভারতের প্রধানমন্ত্রী হিসেবে ১৫ বছরের বেশি ক্ষমতায় ছিলেন। মার্গারেট থ্যাচার ব্রিটেন শাসন করেছেন ১১ বছর ২০৮ দিন। আর চন্দ্রিকা কুমারাতুঙ্গা শ্রীলঙ্কার প্রধানমন্ত্রী ও প্রেসিডেন্ট দুভাবেই ক্ষমতায় ছিলেন ১১ বছর ৭ দিন। আর চতুর্থবার প্রধানমন্ত্রী হিসেবে শপথ নিয়ে ১৫ বছরেরও বেশি সময় পার করে ফেলেছেন শেখ হাসিনা।

১৯৯৬, ২০০৮, ২০১৪ এবং এ বছরের ৭ জানুয়ারি চতুর্থবারের মতো প্রধানমন্ত্রী হিসেবে শপথ নেন শেখ হাসিনা। তার আমলে বাংলাদেশের আর্থ-সামাজিক খাতে অভূতপূর্ব উন্নয়ন হয়েছে। আগে যেখানে দেশের মানুষের মাথাপিছু আয় ছিল সাত থেকে আটশ ডলার, কয়েক বছরের ব্যবধানে তা বেড়ে ১৯০০ ডলার ছাড়িয়েছে। এ সময়ে বাংলাদেশ স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশের কাতারে প্রবেশ করেছে।

উইকিলিকসের জরিপর অনুসারে, সেন্ট লুসিয়ার গভর্নর জেনারেল ডেম পারলেট লুইজি সবচেয়ে বেশি দিন ক্ষমতায় থাকা নারী। তিনি ১৯৯৭ থেকে ২০১৭ পর্যন্ত ২০ বছর ১০৫ দিন দেশ শাসন করেছেন। আইসল্যান্ডের ভিগডিস ফিনবোগডোটিয়ার ক্ষমতায় ছিলেন ১৯৮০ থেকে ১৯৯৬ পর্যন্ত প্রায় ১৬ বছর। তবে বিশ্ব রাজনীতিতে এ দুই নেতা খুব বেশি পরিচিত ছিলেন না। যুক্তরাষ্ট্রীয় দেশের মধ্যে জার্মান চ্যান্সেলর অ্যাঞ্জেলা মেরকেল আছেন সবার শীর্ষে। তিনি ২০০৫ সাল থেকে এখনো ক্ষমতায় রয়েছেন